গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় ও মনিটরিং শাখা
www.mopme.gov.bd

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে 'প্রাথমিক শিক্ষা প্রাতিষ্ঠানিকীকরণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান' বিষয়ক সেমিনার আয়োজনের করণীয় নির্ধারণসহ অন্যান্য কর্মপরিকল্পনার বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

গত ০৯ জানুয়ারি ২০২০ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আকরাম-আল-হোসেন এর সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে "প্রাথমিক শিক্ষা প্রাতিষ্ঠানিকীকরণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান" বিষয়ে সেমিনার আয়োজনের করণীয় নির্ধারণসহ অন্যান্য কর্মপরিকল্পনার বিষয়ে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট ক"-তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক এ মন্ত্রণালয়ের দুইটি কর্মসূচি জাতীয় কার্যক্রমের অন্তর্ভুক্ত হয়। কর্মসূচি দুইটি হচ্ছে- "প্রাথমিক শিক্ষা প্রাতিষ্ঠানিকীকরণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান" বিষয়ক আলোচনা অনুষ্ঠান আয়োজন এবং মুজিব বর্ষ উপলক্ষ্যে ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা প্রদান। অতঃপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি হতে প্রাপ্ত চেকলিস্ট অনুযায়ী এ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রমসহ অন্যান্য কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা করা হয়। অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব ও অতিরিক্ত সচিব পর্যায়ে সেমিনারের বিষয় "প্রাথমিক শিক্ষা প্রাতিষ্ঠানিকীকরণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান" চূড়ান্ত করতে হবে। | সেমিনারের বিষয়টি চূড়ান্ত করা হলো। |
| ২ | সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপক ও আলোচকগণের নাম চূড়ান্ত করতে হবে। | মূল প্রবন্ধ উপস্থাপক ও আলোচকগণের নাম নিম্নরূপভাবে চূড়ান্ত করা হলো:<br>প্রবন্ধ উপস্থাপক:<br>অধ্যাপক ড. এম.এ মাননান<br>উপাচার্য, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।<br>আলোচক:<br>১। জনাব মোঃ নজরুল ইসলাম খান<br>সাবেক মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর<br>এবং সাবেক সচিব, শিক্ষা মন্ত্রণালয়।<br>২। জনাব রাশেদা কে চৌধুরী<br>নির্বাহী পরিচালক<br>গণসাক্ষরতা অভিযান।<br>বাস্তবায়নে: যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট। |
| ৩ | (ক) সেমিনারের প্রধান অতিথি, কাঠামো নির্ধারণ ও সময়সূচি নির্ধারণ। | (ক) সেমিনারের প্রধান অতিথি, কাঠামো নির্ধারণের বিষয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরীর সাথে আলোচনাক্রমে বিষয়টি চূড়ান্ত করতে হবে। আগামী ২৯ আগস্ট ২০২০ তারিখ শনিবার সেমিনার আয়োজন করা যায় কিনা সে বিষয়ে জাতীয় বাস্তবায়ন কমিটিতে পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট। |
| | (খ) আলোচকবৃন্দের সম্মানী, যানবাহন সাপোর্ট ও প্রোটোকল প্রদান। | (খ) মূল প্রবন্ধ উপস্থাপক, আলোচকবৃন্দের সম্মানী ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের বিষয়টি ডিজি, ডিপিইসহ সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনাক্রমে নির্ধারণ করতে হবে।<br>বাস্তবায়নে: যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট। |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৪ | আমন্ত্রিত অতিথি/ সেমিনারে অংশগ্রহণকারীদের তালিকা প্রস্তুতকরণ এবং আমন্ত্রণপত্রের ডিজাইন, মুদ্রণ, খাম প্রস্তুত এবং বিতরণ। | সেমিনারে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্য, সকল সংসদ সদস্য, সকল বিভাগীয় কমিশনার, সকল জেলা প্রশাসক, সকল বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা বিভাগ, সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সকল পিটিআই সুপারিনটেন্টেন্ডে, বিভাগীয় পর্যায়ের শ্রেষ্ঠ উপজেলা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ সহকারী উপজেলা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ সহকারী শিক্ষকগণসহ মন্ত্রণালয় ও অধিদপ্তরের ১ম শ্রেণীর কর্মকর্তাগণ অতিথি হিসেবে থাকবেন।<br><br>বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি। |
| ৫ | (ক) সম্ভাব্য অংশগ্রহণকারীদের সংখ্যা, ভেন্যুর সাউন্ড এবং বিদ্যুৎ ব্যবস্থাপনা বিবেচনায় রেখে ভেন্যু নির্বাচন করা। | (ক) সেমিনারের ভেন্যু হিসেবে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)-কে নির্বাচন করতে হবে। শীঘ্রই পূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br><br>বাস্তবায়নে: সংশ্লিষ্ট উপকমিটি। |
| | (খ) সাজসজ্জা, আসনবিন্যাস, অনুষ্ঠানের সম্মুখ সুসজ্জিতকরণ, লালগালিচার ব্যবস্থা, ভেন্যুর স্টেজ এবং আসনবিন্যাস নিশ্চিত হওয়া। | (খ) ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানির সাথে যোগাযোগ করে সংশ্লিষ্ট কার্যাদি সম্পাদন করতে হবে।<br><br>বাস্তবায়নে: সংশ্লিষ্ট উপকমিটি। |
| ৬ | ফোল্ডার, প্যাড, কলম, ব্যাগ প্রস্তুত করা। | সেমিনারের ফোল্ডার, প্যাড, কলম, ব্যাগ প্রস্তুত করতে হবে।<br><br>বাস্তবায়নে: সংশ্লিষ্ট উপকমিটি। |
| ৭ | পার্কিংসহ সাইটম্যাপ এবং ইন্ডিকেটর প্রস্তুত এবং যথাস্থানে স্থাপন। | সেমিনারে আগত অতিথিগণের জন্য পার্কিংসহ সাইটম্যাপ এবং ইন্ডিকেটর প্রস্তুত এবং যথাস্থানে স্থাপন করতে হবে।<br><br>বাস্তবায়নে: উপসচিব (প্রশাসন-২), প্রাগম। |
| ৮ | অডিও, ভিডিও ডকুমেন্টেশনের ব্যবস্থা করা। | সেমিনারের অডিও, ভিডিও ডকুমেন্টেশনের ব্যবস্থাকরণের কাজটি ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি করবে। তবে অতিরিক্ত সচিব (বিদ্যালয়) সমন্বয়ের দায়িত্বে থাকবেন।<br><br>বাস্তবায়নে: সকল ডিজি। |
| ৯ | মিডিয়া কাভারেজ:<br>• ইলেক্ট্রনিক এবং প্রিন্ট মিডিয়ায় পর্যাপ্ত কাভারেজের ব্যবস্থা করা। | ইলেক্ট্রনিক এবং প্রিন্ট মিডিয়ায় পর্যাপ্ত কাভারেজের ব্যবস্থা করতে হবে।<br><br>বাস্তবায়নে: সংশ্লিষ্ট উপকমিটি। |
| ১০ | আপ্যায়ন:<br>• আপ্যায়নের জন্য কোন কোন আইটেম দেয়া হবে সেগুলো আগে থেকেই নিশ্চিত করা।<br>• নিরাপত্তাকর্মী, গাড়িচালক এবং সাপোর্ট স্টাফদের জন্য আপ্যায়নের ব্যবস্থা রাখা।<br>• কোনো প্রতিষ্ঠানকে আপ্যায়নের দায়িত্ব দেয়া হবে, ভিআইপিদের জন্য বিশেষ ব্যবস্থা নিশ্চিত করা। | সেমিনারে আগত সকল অতিথিবৃন্দ, কর্মকর্তা, কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের জন্য আপ্যায়নের ব্যবস্থা করতে হবে।<br><br>বাস্তবায়নে: সংশ্লিষ্ট উপকমিটি। |
| ১১ | অনুষ্ঠান শেষে ভেন্যুর ডিসম্যান্টাল কাজ নিশ্চিত করা। | অনুষ্ঠান শেষে ভেন্যুর ডিসম্যান্টাল কাজ নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়নে: উপসচিব (প্রশাসন-২)। |
| ১২ | বিল পরিশোধ:<br>• সরকারের আর্থিক বিধি-বিধান মেনে বিল পরিশোধ করা | সরকারের আর্থিক বিধি-বিধান মেনে সেমিনারের যাবতীয় বিল পরিশোধ করতে হবে।<br><br>বাস্তবায়নে: সংশ্লিষ্ট উপকমিটি। |

৩। কর্মসূচি বাস্তবায়ন, তদারকি ও সমন্বয়ের জন্য ১টি মূল কমিটি ও ৭টি উপ-কমিটি গঠন করা যেতে পারে, যা নিম্নরূপ:

কর্মসূচির সমন্বয়, বাস্তবায়ন ও তদারকি সংক্রান্ত মূল কমিটি :

| | | |
|---|---|---|
| (১) | মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | উপদেষ্টা |
| (২) | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সভাপতি |
| (৩) | অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৫) | মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| (৭) | মহাপরিচালক,জাতীয় প্রাথমিক শিক্ষা একডেমী | সদস্য |
| (৮) | মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা পরিবীক্ষণ ইউনিট | সদস্য |
| (৯) | বিভাগীয় কমিশনার, ঢাকা | সদস্য |
| (১০) | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| (১১) | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন | সদস্য |
| (১২) | মহাপরিচালক, বাংলাদেশ বেতার | সদস্য |
| (১৩) | অতিরিক্ত সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) | অতিরিক্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১৫) | অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| (১৬) | প্রকল্প পরিচালক, রস্ক প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (১৭) | যুগ্ম-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১৮) | জেলা প্রশাসক, ঢাকা | সদস্য |
| (১৯) | ডেপুটি সেক্রেটারী জেনারেল, বিএনসিইউ | সদস্য |
| (২০) | প্রতিনিধি; (ইউনেস্কো, ইউনিসেফ, ব্র্যাক, গণসাক্ষরতা অভিযান, ঢাকা আহছানিয়া মিশন) | সদস্য |
| (২১) | যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

মঞ্চ ব্যবস্থাপনা ও সাজসজ্জা উপ-কমিটি:

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব, (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | আহবায়ক |
| (২) | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৩) | পরিচালক (প্রশাসন/ পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৪) | যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | উপ-সচিব (প্রশাসন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | উপ-সচিব (উন্নয়ন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | উপ-পরিচালক (সংস্থাপন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (১০) | বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ | সদস্য |
| (১১) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা | সদস্য |
| (১২) | উপসচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রণয়ন এবং আমন্ত্রণপত্র মুদ্রণ, বিতরণ উপ-কমিটি :

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | আহবায়ক |
| (২) | পরিচালক (প্রশাসন ও অর্থ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| (৩) | পরিচালক (প্রশাসন), ডিপিই ও সিপিইআইএমইউ | সদস্য |
| (৪) | সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ | সদস্য |
| (৬) | উপ-পরিচালক (সংস্থাপন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৭) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা | সদস্য |
| (৮) | সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৯) | উপ-সচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

পোস্টার প্রচার, বাণী ও বক্তৃতা উপ-কমিটি :

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | আহবায়ক |
| (২) | মাননীয় প্রতিমন্ত্রীর একান্তসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | পরিচালক (প্রশাসন/ পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৪) | সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | উপ-সচিব (সমন্বয় ও মনিটরিং), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | উপ-সচিব (প্রশাসন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | সিস্টেম এনালিস্ট, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| (৮) | উপ-পরিচালক (পরিকল্পনা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৯) | প্রতিনিধি, ইউনেস্কো, ঢাকা | সদস্য |
| (১০) | প্রতিনিধি, সুচিন্তা ফাউন্ডেশন, ঢাকা | সদস্য |
| (১১) | জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | উপসচিব (প্রশাসন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

অভ্যর্থনা উপ-কমিটি:

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | যুগ্ম-সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | যুগ্ম-সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | যুগ্ম-সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | পরিচালক (সকল), ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই | সদস্য |
| (৬) | প্রকল্প পরিচালক, রস্ক, ডিপিই | সদস্য |
| (৭) | উপ-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | উপ-পরিচালক (সকল), ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই | সদস্য |
| (৯) | সহকারী পরিচালক (প্রশিক্ষণ/প্রশাসন), ডিপিই ও বিএনএফই | সদস্য |
| (১০) | উপ-সচিব (উন্নয়ন-৩), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

অর্থ বিষয়ক উপ-কমিটি:

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৩) | পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৪) | যুগ্ম-সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | প্রকল্প পরিচালক, রস্ক ফেজ-২, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৭) | উপসচিব (তদন্ত ও শৃঙ্খলা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | উপ-প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | উপ-পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (১০) | সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (১১) | হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | প্রতিনিধি, ইউনেস্কো, ঢাকা | সদস্য |
| (১৩) | প্রতিনিধি, (বিএনসিইউ; সুচিন্তা ফাউন্ডেশন) | সদস্য |
| (১৪) | যুগ্ম-সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

ঘোষক-ঘোষিকা, পবিত্র ধর্মগ্রন্থ পাঠ, অনুষ্ঠানের স্ক্রিপ্ট ও ব্যানার উপ-কমিটি:

| | | |
|---|---|---|
| (১) | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | আহ্বায়ক |
| (২) | পরিচালক (প্রশাসন/ প্রকিউরমেন্ট), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৩) | পরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | সদস্য |
| (৪) | যুগ্ম-সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | উপ-সচিব (উন্নয়ন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | উপ-সচিব (বিদ্যালয়-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | উপ-সচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | পরিচালক (প্রশাসন ও অর্থ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| (৯) | প্রতিনিধি, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা | সদস্য |
| (১০) | জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১১) | উপসচিব (উন্নয়ন-৩), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

প্রচার উপ-কমিটি:

| | | |
|---|---|---|
| (১) | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | আহবায়ক |
| (২) | পরিচালক (প্রশাসন/ আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৩) | যুগ্ম-সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | উপ-পরিচালক (প্রশিক্ষণ/ প্রশাসন/ অর্থ/ পরিকল্পনা), ডিপিই | সদস্য |
| (৬) | প্রতিনিধি, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা | সদস্য |
| (৭) | সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (৮) | জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

০৪। অতঃপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত অন্যান্য কর্মপরিকল্পনার বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | কর্মপরিকল্পনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | 'মুজিব বর্ষ' উপলক্ষে ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা প্রদান করা হবে। | (ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আগামী ৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আন্তর্জার্তিক সাক্ষরতা দিবস যথাযোগ্য মযার্দায় উদযাপনের জন্য যথেষ্ট সময় হাতে রেখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী ব্যস্ততার কারণে সময় দিতে না পারলে মহামান্য রাষ্টপতিকে আমন্ত্রণ জানাতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, বিএনএফই। |
| | | (খ) 'মুজিব বর্ষ' উপলক্ষে ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দান করতে হবে। স্থানীয় মাননীয় সংসদ সদস্য ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের সম্পৃক্ত করে জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে সাক্ষরতা প্রদান কার্যক্রম শুরু করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, বিএনএফই। |
| | | (গ) ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দানের কর্মসূচিভুক্ত জেলা ও উপজেলার তালিকা মেন্টরদের নিকট প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, বিএনএফই। |
| | | (ঘ) এনজিও কর্তৃক সুপারভাইজার নিয়োগ শীঘ্র সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, বিএনএফই। |
| | | (ঙ) সকল প্রশিক্ষণ জানুয়ারি ২০২০ এর মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, বিএনএফই। |
| ২ | জাঁকজমকপূর্ণভাবে ঢাকায় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলার আয়োজন করা হবে। | (ক) আগামী ১৯ অথবা ২১ মার্চ ২০২০ তারিখে জাঁকজমকপূর্ণভাবে ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলার সময়সূচি চূড়ান্ত করে সামারি প্রেরণ করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের বিদ্যালয় উইং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে ভেন্যু সংরক্ষণ করবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই ও অতিরিক্ত সচিব (বিদ্যালয়)। |
| | | (খ) ফাইনাল খেলা দুটিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০,০০০ শিক্ষার্থীকে (ছেলে ও মেয়ে) একই রকমের পোশাক (পাজামা-পাঞ্জাবী ও মুজিবকোর্ট) পরিধান করে উপস্থিত করানোর সকল ব্যবস্থা করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই ও অতিরিক্ত সচিব (বিদ্যালয়)। |
| | | (গ) খেলার পরে Fire works এর আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই ও অতিরিক্ত সচিব (বিদ্যালয়)। |

| ক্রমিক | কর্মপরিকল্পনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৩ | 'মুজিব বর্ষ' উপলক্ষে বাংলাদেশের প্রাথমিক শিক্ষার অর্জনসমূহ আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরতে ঢাকায় একটি আন্তজার্তিক সেমিনার আয়োজন করা হবে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে রস্ক প্রকল্পের অর্থায়নে এই আন্তর্জাতিক সেমিনার আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (রস্ক), ডিপিই। |
| ৪ | বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে এবং বঙ্গবন্ধুর শিক্ষা বিষয়ক অবদানের উপর বিশেষ গুরুত্বারোপ করে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করা হবে। | বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে এবং বঙ্গবন্ধুর শিক্ষা বিষয়ক অবদানের উপর বিশেষ গুরুত্বারোপ করে আগামী এপ্রিল ২০২০ মাসে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করতে হবে এবং প্রাথমিক শিক্ষার নিজস্ব শিল্পীগোষ্ঠী দিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |
| ৫ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বই বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হবে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আগামী ১ জানুয়ারি ২০২০ এবং ১ জানুয়ারি ২০২১ তারিখে বই বিতরণ অনুষ্ঠান আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |
| ৬ | 'মুজিব বর্ষ' ব্যাপী প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বঙ্গবন্ধু এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিভিন্ন সময়ে গৃহীত যুগান্তকারী ও ঐতিহাসিক কর্মসূচি এবং অর্জনসমূহের আলোকে জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করা হবে। | 'মুজিব বর্ষ' ব্যাপী প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বঙ্গবন্ধু এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিভিন্ন সময়ে গৃহিত যুগান্তকারী ও ঐতিহাসিক কর্মসূচি এবং অর্জনসমূহের আলোকে উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; ডিজি বিএনএফই। |
| ৭ | 'মুজিব বর্ষ' ব্যাপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত 'বঙ্গবন্ধু বুক কর্ণার' কার্যকর করা হবে এবং বঙ্গবন্ধুর জীবন আদর্শের উপর শিশু কিশোরদের উপযোগী সিআরআইসহ অন্যান্য প্রকাশনা প্রতিষ্ঠানের প্রকাশিত বই সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করা হবে। | 'মুজিব বর্ষ' ব্যাপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত 'বঙ্গবন্ধু বুক কর্ণার' কার্যকর করা হবে এবং বঙ্গবন্ধুর জীবন আদর্শের উপর শিশু কিশোরদের উপযোগী সিআরআইসহ অন্যান্য প্রকাশনা প্রতিষ্ঠানের প্রকাশিত বই সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিত করতে হবে। মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত বাছাইকৃত বই ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'বঙ্গবন্ধু বুক কর্ণার' স্থাপন নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |
| ৮ | 'মুজিব বর্ষ' উপলক্ষে সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে শহীদ মিনার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | 'মুজিব বর্ষ' উপলক্ষে আগামী ১৬ মার্চ ২০২১ তারিখের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় (মাধ্যমিক বিদ্যালয়ের সাথে সংযুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়, যেখানে শহীদ মিনার রয়েছে তা ব্যতীত) প্রাঙ্গণে শহীদ মিনার স্থাপন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |
| ৯ | 'মুজিব বর্ষ' উপলক্ষে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মদিন পালন করা হবে। | 'মুজিব বর্ষ' উপলক্ষে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'স্টুডেন্টস কাউন্সিল'-কে সম্পৃক্ত করে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মদিন পালন উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন করার জন্য ডিপিই রেভিনিউ বাজেট হতে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে। এ বিষয়ে এখন থেকেই সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |
| ১০ | 'মুজিব বর্ষ' উপলক্ষে স্বাধীনতার পর যুদ্ধবিধ্বস্ত দেশের সকল প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের ক্ষেত্রে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ও যুগান্তকারী সিদ্ধান্তের পর প্রাথমিক শিক্ষায় অর্জনসমূহের উপর ডকুমেন্টরি তৈরি করে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | 'মুজিব বর্ষ' উপলক্ষে স্বাধীনতার পর যুদ্ধবিধ্বস্ত দেশের সকল প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের ক্ষেত্রে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ও যুগান্তকারী সিদ্ধান্তের পর প্রাথমিক শিক্ষায় অর্জনসমূহের উপর ডকুমেন্টরি তৈরি করে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; অতিরিক্ত সচিব (উন্নয়ন)। |

| ক্রমিক | কর্মপরিকল্পনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে স্বতন্ত্র পেইজ তৈরি করা হবে। | ওয়েবসাইটে স্বতন্ত্র পেইজ তৈরী করতে হবে এবং এ মন্ত্রণালয়ের 'মুজিব বর্ষ' সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি নিয়মিত আপলোড করতে হবে।<br><br>বাস্তবায়নে : সিস্টেম এনালিস্ট, প্রাগম। |
| ১২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ৩য় ও ৫ম শ্রেণির সকল শিক্ষার্থীর বাংলা পঠন দক্ষতা শতভাগে উন্নীত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ৩য় ও ৫ম শ্রেণির সকল শিক্ষার্থীর বাংলা পঠন দক্ষতা শতভাগে উন্নীত করার জন্য মেন্টরগণ কাজ করবেন।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; সকল মেন্টর। |
| ১৩ | 'মুজিব বর্ষ' উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিস্তারিতভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হবে। | 'মুজিব বর্ষ' উপলক্ষে বিস্তারিতভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি (সকল)। |
| ১৪ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে চলমান স্কুল ফিডিং প্রোগ্রামকে সারাদেশে চালু করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে চলমান স্কুল ফিডিং প্রোগ্রামকে সারাদেশে চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; অতিরিক্ত সচিব (উন্নয়ন)। |
| ১৫ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণসহ প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ের উপর সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আগামী ০৭ মার্চ ২০২১ তারিখে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; ডিজি, বিএনএফই। |
| ১৬ | বিবিধ। | (ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের সম্ভাব্য বাজেট প্রস্তুত করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি (সকল); অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট)। |
| | | (খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে জাতীয় বাস্তবায়ন কমিটির সমন্বিত কর্মপরিকল্পনার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট অংশের ১ নং কর্মসূচি বাস্তবায়নের জন্য অধীনস্থ দপ্তরসমূহে নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>বাস্তবায়নে: উপসচিব (সওম)। |
| | | (গ) মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় "মুজিব বর্ষ" আলোচ্যসূচিভুক্ত করতে হবে।<br><br>বাস্তবায়নে: উপসচিব (সওম)। |

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালনের জন্য আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৬/০১/২০২০
(মোঃ আকরাম-আল-হোসেন)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নং-৩৮.০০.০০০০.০০৫.০৬.০০১.১৯-৩৬

তারিখ: ০৫ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

ড. কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি (সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে): (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট/ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ **(বিষয়টি তাঁর অধীন সকল কর্মকর্তাকে অবহিতকরণের অনুরোধসহ)**।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
০৫। বাংলাদেশ প্রতিনিধি, ইউনেস্কো ঢাকা অফিস, বনানী, ঢাকা।
০৬। অতিরিক্ত মহাপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
০৭। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট/ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
০৮। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
০৯। যুগ্ম-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। চেয়ারপার্সন, সুচিন্তা ফাউন্ডেশন, রোড নং- ২৭, বনানী, ঢাকা।
১১। উপ-সচিব (সকল)/ উপ-প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী প্রধান (সকল)/ প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬। সহকারী সচিব (সকল)/ সহকারী প্রধান/ পরিসংখ্যান কর্মকর্তা/ হিসাবরক্ষণ কর্মকর্তা/ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার/ লাইব্রেরিয়ান/ জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৯।০১।২০২০

(সত্যকাম সেন)
উপসচিব
ফোন: ০২-৯৫৬৫৭৭৭